



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।
মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি-১)

চসিকের উদ্যোগে ঐতিহাসিক ৭ মার্চের কর্মসূচি

চট্টগ্রাম-০৬ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ঐতিহাসিক ৭ মার্চ পালনোপলক্ষে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে সকাল ৮.১৫ মি. চসিক প্রধান কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন, ৮.৩০মি. চসিক প্রধান কার্যালয়স্থ বঙ্গবন্ধু'র প্রতিকৃতিতে সিটি মেয়র এম. রেজাউল করিম চৌধুরী কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, ৯.০০টায় থিয়েটার ইনস্টিটিউট হলে আলোচনা সভা, বঙ্গবন্ধু'র জীবন কর্মের উপর ডকুমেন্টারী প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

নগরীর বাইরে পরিবহন টার্মিনাল

স্থাপন যানজট নিরসনের পূর্বশর্ত-মেয়র

চট্টগ্রাম-০৬ মার্চ'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এম. রেজাউল করিম চৌধুরী বলেছেন, যাত্রী পরিবহণে টার্মিনালগুলো শহরের বাইরে স্থাপন করা গেলে পরিবহনের শৃঙ্খলা এবং যানজট সমস্যা থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। তিনি আজ বিকেলে ফিরিঙ্গী বাজার মেরিন ড্রাইভ রোডে এস. আলম বাস সার্ভিস এর নতুন টার্মিনাল ও টিকেট কাউন্টারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। এস.আলম গ্রুপের ভাইস চেয়ারম্যান আলহাজ্ব আবদুস সালাম লাভুর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার সালেহ আমোহাম্মদ তানভীর। বক্তব্য রাখেন চসিক কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, এস. আলম গ্রুপের পরিচালক প্রকৌশলী শহিদুল আলম, উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক) শ্যামল কুমার নাথ।

সিটি মেয়র এম. রেজাউল করিম চৌধুরী বলেন, এস. আলম গ্রুপ বাংলাদেশে পরিবহন সেक्टरের অন্যতম দিকপাল। এ পরিবহন ব্যবসায়ার মধ্য দিয়ে তারা আজ একটি বিশাল শিল্প গ্রুপে পরিণত হয়ে সমাজের অনেক ক্ষেত্রে মানবিক অবদান রেখে যাচ্ছেন। তিনি বলেন, চট্টগ্রাম নগরীকে সুন্দর রাখতে হলে শুধুমাত্র মেয়র এবং কাউন্সিলরদের দায়িত্ব পালন করলে হবে না। এ শহরকে একটি সুন্দর ও বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তুলতে নগরবাসীর সহযোগিতা কামনা করেন। তিনি পরিবহণ মালিক ও শ্রমিকদের যত্রতত্র গাড়ি পার্কিং না করা এবং যেখানে সেখানে যাত্রী উঠা নামার অভ্যাস পরিহার করার আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার সালেহ আমোহাম্মদ তানভীর সকলকে ট্রাফিক আইন মেনে যাত্রী পরিবহণ ও পরিচালনা আহ্বান জানান।

নিবেদক

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতি. দায়িত্ব), চট্টগ্রাম সিটি কর্পোরেশন। মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩